

আন্তর্জাতিক

ভবিষ্যৎমুখী সম্পর্ক গড়তে বাংলাদেশের সঙ্গে কাজ করতে চায় ভারত

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৪৬ PM



বাংলাদেশের সঙ্গে সম্পর্কে আরও ইতিবাচক, গঠনমূলক ও ভবিষ্যৎমুখী করতে আগ্রহী ভারত। দুই দেশের মধ্যে বিদ্যমান কাঠামোগত ব্যবস্থার আওতায় থেকেই দ্বিপাক্ষীয় সব বিষয়ে আলোচনায় প্রস্তুত নয়াদিল্লি।

মঙ্গলবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়মিত ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে এ কথা বলেন মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল।

তিনি বলেন, ভারত-বাংলাদেশ সম্পর্কের ক্ষেত্রে এটাই ভারতের মনোভাব। দুই দেশের সম্পর্কে ইতিবাচক ও গঠনমূলক দিকে এগিয়ে নিতে চায় ভারত। এই সম্পর্ক হবে ভবিষ্যৎমুখী।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এমন সময় এ মন্তব্য করলেন, যখন নয়াদিল্লিতে বাংলাদেশের হাইকমিশনার হিসেবে পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়ামের নিয়োগের বিষয়টি নিশ্চিত হওয়ার খবর প্রকাশ্যে এসেছে।

ব্রিফিংয়ে এ বিষয়ে প্রশ্ন করা হলে রণধীর জয়সোয়াল বলেন, ভারত-বাংলাদেশ সম্পর্কের গতিপথ নিয়ে ভারত আগেও তার অবস্থান জানিয়েছে। বাংলাদেশ সরকারের সঙ্গে ভারত সব সময় ইতিবাচক, গঠনমূলক ও ভবিষ্যৎমুখী সম্পর্ক চেয়ে এসেছে।

জয়সোয়াল বলেন, দুই দেশের মধ্যে যে কাঠামোগত ব্যবস্থা চালু রয়েছে, তার মধ্যেই থেকে যাবতীয় দ্বিপক্ষীয় বিষয় নিয়ে আলোচনায় প্রস্তুত ভারত।

এ বিভাগের আরও খবর



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় বাস্তু ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bhbishjtmukhi-smpk-grte-bangladesher-sngge-kaj-krte-chay-bhart>